



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনার কার্যালয়, কর অঞ্চল-১৪

১২/১ বিজয় নগর, ঢাকা-১০০০।

Handwritten signature

নথি নং- ৫(১১)/কঃঅঃ-১৪/উৎসে কর কর্তন/২০১৮-১৯/ ৪২

তারিখ :

২০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ
০৫ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ

প্রাপক

কমিশনার

কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব),

৬২/৩, পুরানা পল্টন, জাতীয় ক্রীড়া সংস্থা (১৯ তলা), ঢাকা-১০০০।

বিষয় : জাতীয় রাজস্ব বোর্ডের সর্বশেষ অধিক্ষেত্র বন্টন মোতাবেক নিম্নলিখিত সার্ভিস সমূহের বিপরীতে উৎসে
আয়কর কর্তন সংক্রান্ত।

শ্রদ্ধেয় মহোদয়/প্রিয় মহোদয়,

জাতীয় রাজস্ব বোর্ডের সর্বশেষ অধিক্ষেত্র আদেশ নথি নং-০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.০১৬(অংশ-১)/৭৫, তারিখ : ১৭/০৮/২০১৭ ইং (এতদসংগে কপি সংযুক্ত) অনুযায়ী ৫২এএ ধারার অধীনে নিম্নে উল্লেখিত সার্ভিস সমূহের বিপরীতে উৎসে কর্তিত অথবা সংগৃহীত আয়কর কর অঞ্চল - ১৪, ঢাকা এর অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

ক্রমিক নং	কর কর্তনের খাত সমূহ (৫২এএ)	কর কর্তনের হার		উৎসে কর কর্তন/ আদায়ের এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
		২৫ লাখ টাকা পর্যন্ত	২৫ লাখ টাকার অধিক		
১	ক্যাটারিং সার্ভিস, ক্লিনিং সার্ভিস, কালেকশন এন্ড রিকভারী সার্ভিস, প্রাইভেট সিকিউরিটি সার্ভিস, জনবল সরবরাহ সার্ভিস, ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস, পাবলিক রিলেশন/জন সংযোগ সার্ভিস, ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস, প্রশিক্ষণ ওয়ার্কসপ ইত্যাদি আয়োজন ও ব্যবস্থাপনা সার্ভিস বা অনুরূপ অন্যান্য সার্ভিস।	১০% ১.৫%	১২% ২%	ঢাকা জেলা	কর অঞ্চল - ১৪, ঢাকা।
২	মিডিয়া বায়িং এজেন্সি সার্ভিস	১০% ০.৫%	১২% ০.৬৫%		
৩	ইভেটিং কমিশন	৬%	৮%		
৪	মিটিং ফিস, ট্রেনিং ফিস বা সম্মানী	১০%	১২%		
৫	ক্রেডিট রেটিং সার্ভিস	১০%	১২%		
৬	মোটর গ্যারেজ ও ওয়ার্কসপ	৬%	৮%		
৭	প্রাইভেট কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড সার্ভিস	৬%	৮%		
৮	শিপিং এজেন্সি কমিশন	৬%	৮%		
৯	স্ট্রিভেডরিং/বার্থ অপারেশন কমিশন	১০%	১২%		
১০	পরিবহন সার্ভিস, ক্যারিং সার্ভিস, যানবাহন রেন্টাল সার্ভিস	৩%	৪%		
১১	ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর (Chapter vii এর সুনির্দিষ্টকৃত নয় এমন কোন সেবা (ধারা ৫২এএ)।	১০%	১২%		

পাতা # ০২

উল্লেখিত খাত হতে উৎসে কর্তনকৃত আয়কর কর অঞ্চল-১৪, ঢাকা এর কোডে কোম্পানীর জন্য ১-১১৪১-০১০৫-০১০১ এবং কোম্পানী ব্যতীত করদাতার জন্য ১-১১৪১-০১০৫-০১১১ উল্লেখ পূর্বক ট্রেজারী চালান মারফৎ বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংক লিঃ এর ট্রেজারী শাখায় জমা প্রদান করতে হবে। অথবা উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসন, কর অঞ্চল-১৪, ১২/১, বিজয়নগর, ঢাকা-১০০০ এর অনুকূলে পে-অর্ডার মারফৎ জমা পূর্বক নিম্নোক্ত ছকে তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হল।

“ছক”

ধারা	উৎসে কর কর্তনের পরিমান	কর জমার চালান নং ও তারিখ	কর জমার কোড নং	মন্তব্য

উৎসে কর কর্তন আদায় না করা হলে কিংবা নির্ধারিত হার অপেক্ষা কম কর্তন/আদায় করা হলে কিংবা সরকারী কোষাগারে জমাদানে বিলম্ব হলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৭ অনুযায়ী মাসিক ২% হারে উৎসে কর্তিত করের অতিরিক্ত অংক জরিমানা প্রদান করতে হবে।

জাতীয় রাজস্ব আহরণে আপনার সক্রিয় সহযোগিতা একান্তভাবে কাম্য।

(ড. মোঃ সাজ্জাদ হোসেন ভূইয়া)

কর কমিশনার

কর অঞ্চল - ১৪, ঢাকা।